

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট

১ জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ব্যানবেইস ভবন, ঢাকা-১২০৫

www.ngte-welfaretrust.gov.bd, E-mail : salamshaju@yahoo.com

স্মারক নং : বৈশিক ট্রাস্ট/সিনি.সহ.সচিব,শিম/২০২০/১৪৬২(২)

তারিখ : ১৭/১২/২০২০খ্রি.

উত্তম চর্চার শিরোনাম :

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট বাংলাদেশের এমপিওভুক্ত মাধ্যমিক স্কুল, কলেজ, মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সকল অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীদের কল্যাণে নিয়োজিত সরকারের আর্থিক সেবামূলক প্রতিষ্ঠান উপরোক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের সেবার সাথে সরাসরি সম্পৃক্ত। এমপিওভুক্ত অবসরপ্রাপ্ত, মৃত ও পদত্যাগকৃত শিক্ষক কর্মচারীদের কল্যাণ সুবিধা প্রদান করা হয়ে থাকে।

১। অনলাইনে আবেদন জমা ও সংশোধন :-

শিক্ষক ও কর্মচারীদের কল্যাণ সুবিধা প্রাপ্তির জন্য সেবা গ্রহীতাগণ বাংলাদেশের যেকোন প্রান্ত থেকে আবেদন করতে পারেন। আবেদন প্রেরণের সময়ই তারা রিসিট কপি এবং একটি সিরিয়াল নম্বর পেয়ে থাকেন এর ফলে তাঁদের সেবা প্রাপ্তি সহজতর হয়েছে। ভুল আবেদন রিভিউর মাধ্যমে অনলাইনেই সংশোধন করা হয়।

২। অনলাইনে তথ্য প্রদান ও কল সেন্টার স্থাপন :-

তথ্য বাতায়নের মাধ্যমে হালনাগাদ তথ্য প্রদান করা হয়। স্থান সংকুলানের অভাব থাকা সত্ত্বেও এখানে একটি কল সেন্টার স্থাপন করা হয়েছে, যেখানে যে-কেউ ওভার টেলিফোন বা মোবাইলের মাধ্যমে যে কোন তথ্যের আদান প্রদান করতে পারেন।

৩। দ্রুতসেবা প্রদানের লক্ষ্যে কর্মকর্তা কর্মচারীদের অতিরিক্ত কাজ করণ :-

মুজিব শতবর্ষ উপলক্ষ্যে অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীগণের অনিষ্পন্ন আবেদন দ্রুত নিষ্পত্তি ও যথাযথ সেবা প্রদানের জন্য সাপ্তাহিক ছুটির দিন শনিবারেও কর্মকর্তা কর্মচারীগণ কাজ করেন।

৪। ইন-হাউজ প্রশিক্ষনের ব্যবস্থা :-

শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টে নিযুক্ত কর্মকর্তা কর্মচারীগণের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আবেদনপত্র যাচাই বাছাইয়ের জন্য ইন-হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এতে শুদ্ধাচার, বার্ষিক কর্মপরিকল্পনা প্রশয়ন, তথ্য অধিকারসহ কল্যাণ ট্রাস্টের প্রবিধান আইন কানুন ও নীতিমালা সম্পর্কে ধারণা প্রদান করা হয়।

৫। মোবাইল ফোনের ব্যবস্থা :-

অবসরপ্রাপ্ত শিক্ষকগণের সাথে মোবাইল ফোনে মেসেজের মাধ্যমে যোগাযোগের ব্যবস্থা করা হয়েছে। এর ফলে যাদের কোন mail address নেই তাদের ক্ষেত্রে message দিয়ে যে কোন তথ্য আদান প্রদান সহজতর হয়েছে।

৬। জরুরি বিষয় আলোচনা করে দ্রুত নিষ্পত্তিকরণ :-

কল্যাণ ট্রাস্টের সচিব মহোদয় বোর্ডের নির্দেশনা মোতাবেক দ্রুত নিষ্পত্তির জন্য যে কোন সময় মাসিক কিংবা মাসে একাধিকবার জরুরী সভা আহ্বান করে কর্মকর্তা কর্মচারীদের সাথে মতবিনিময় করেন।

৭। সেবা গ্রহিতার সাথে সরাসরি সাক্ষাৎ :-

কল্যাণ ট্রাস্টে আগত অবসরপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীদের যে কোন সমস্যার কথা সচিব মহোদয় অত্যন্ত মনোযোগ দিয়ে শোনে এবং অবস্থাভেদে তাৎক্ষণিক সমাধানের ব্যবস্থা করেন। শিক্ষক কর্মচারীগণ পরিচালক এবং উপ পরিচালকের কাছেও তাদের সমস্যার কথা তুলে ধরেন।

৮। অনাকাঙ্ক্ষিত সমস্যা সমাধানে তদন্ত কমিটি গঠনঃ-

অবসরপ্রাপ্ত শিক্ষকদের অবসরের টাকা প্রাপ্তির ক্ষেত্রে অনাকাঙ্ক্ষিত কোন সমস্যা দেখা দিলে সচিব মহোদয় তদন্ত কমিটি গঠন করে সরেজমিনে সংশ্লিষ্ট শিক্ষক কর্মচারীর শিক্ষা প্রতিষ্ঠানে তদন্ত করার ব্যবস্থা করেন।

৯। প্রতিষ্ঠান প্রধানের সাথে যোগাযোগ স্থাপন :-

শিক্ষক কর্মচারীগণের কোন কাগজ পত্রের ঘাটতি কিংবা অস্পষ্টতা দেখা দিলে সংশ্লিষ্ট কর্মকর্তা স্ব উদ্যোগে MPO ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের মোবাইল নম্বর সংগ্রহ করে অবসরপ্রাপ্ত শিক্ষকদের সাথে যোগাযোগের ব্যবস্থা করেন ॥

ফলাফল :- বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে উদ্বুদ্ধ হয়ে কল্যাণ ট্রাস্ট কাজ করে যাচ্ছে ফলে পূর্বের যে কোন সময়ের চেয়ে কাজের গতি, স্বচ্ছতা ও সেবার মান বহুগুণ বৃদ্ধি পেয়েছে। জননেত্রী শেখ হাসিনা ঘোষিত দিনবদলের সনদ বাস্তবায়নে কল্যাণ ট্রাস্ট নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

স্বাক্ষরিত/
(কাজী মোঃ রফিকুজ্জামান)
পরিচালক
ফোন-৯৬৬৮০১৫

জনাব মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারি সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।